



# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ

ফোন : ০২২৩৩৮৩৬৩৭  
ই-মেইল : dgmpd1@krishibank.org.bd  
ওয়েব : www.krishibank.org.bd

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-১/বিবিধ-৩১(অংশ-০৬)/২০২৪-২০২৫/৭৬১

তারিখ: ১২.০৮.২০২৪ খ্রি.

উপমহাব্যবস্থাপক (প্রশাসন)  
বাংলাদেশ কৃষি ব্যাংক  
বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।

## বিষয়: উন্নত চিকিৎসার উদ্দেশ্যে বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণের অনুমতি প্রদান প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রামের ২৩.০৬.২০২৪ খ্রি. তারিখের পত্র নং ৩৪২৫ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বর্ণিত পত্রের মাধ্যমে প্রেরিত বাংলাদেশ কৃষি ব্যাংক, চৈতন্যেরহাট শাখা, চট্টগ্রাম (পশ্চিম) এর কর্মকর্তা জনাব তন্ময় দে সানি (টি-৭৩৮) এর আবেদন, নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশ এবং এ ব্যাংকের স্বাস্থ্য উপদেষ্টার মতামতের প্রেক্ষিতে তার মায়ের উন্নত চিকিৎসা এর উদ্দেশ্যে কর্তৃপক্ষ তাঁকে নিম্নবর্ণিত শর্তাবলিতে ১৮.০৮.২০২৪ হতে ০৬.০৯.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ২০ (বিশ) দিন (যাতায়াত সময়সহ) বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণের সদয় অনুমোদন প্রদান করেছেন।

### শর্তাবলি

- আবেদনে উল্লিখিত দেশ (ভারত) ও উদ্দেশ্য (চিকিৎসা) ব্যতীত অন্য কোনো দেশ ও উদ্দেশ্যে ভ্রমণ করা যাবে না;
- প্রস্তাবিত ভ্রমণের যাবতীয় খরচ সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব উৎস হতে বহন করবেন এবং এতে বাংলাদেশ কৃষি ব্যাংক বা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
- নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট হতে ছুটি মঞ্জুরিসহ ছাড়পত্র গ্রহণ করতে হবে এবং সকল ভাতাদি দেশীয় মুদ্রায় প্রদেয় হবে;
- ১৮.০৮.২০২৪ হতে ০৬.০৯.২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ভ্রমণের তারিখ হতে ২০ (বিশ) দিন (যাতায়াত সময়সহ) বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণ করবেন এবং ভ্রমণসঙ্গী, জনাব শিখা দাশ (মা);
- বাংলাদেশ সার্ভিস রুলস এর সংশ্লিষ্ট বিধি মোতাবেক অন্য কোনো বিশেষ আদেশ না থাকলে ছুটি মঞ্জুরির তারিখের ৩৫ (পঁয়ত্রিশ) দিনের মধ্যে ছুটি আরম্ভ করতে হবে;
- ভ্রমণের মেয়াদান্তে যথা সময়ে প্রত্যাবর্তন করতে বাধ্য থাকবেন, উক্ত ছুটির অতিরিক্ত কোনো ছুটি ভোগ করতে পারবেন না এবং
- বহিঃবাংলাদেশ ভ্রমণ শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকা কে অবহিত করতে হবে।

০৩। জনাব তন্ময় দে সানি (টি-৭৩৮) এর বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণ সংক্রান্ত ছুটিকালীন সময়ে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে বাংলাদেশ কৃষি ব্যাংক, চৈতন্যেরহাট শাখা, চট্টগ্রাম (পশ্চিম) এর উর্ধ্বতন কর্মকর্তা জনাব শারমিন আক্তার (এস-৫৯২৯) নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে সংশ্লিষ্ট কর্মকর্তার রুটিন দায়িত্ব পালন করবেন।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(ফেরদৌস আহম্মদ)

সহকারী মহাব্যবস্থাপক

নং-প্রকা/এইচআরএমডি/সেকশন-১/বিবিধ-৩১(অংশ-০৬)/২০২৪-২০২৫/৭৬১(২৪)

তারিখ: ১২.০৮.২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি দেয়া হলো :

- চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম।
- ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা/সকল স্থলবন্দর, বাংলাদেশ।
- উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা কে জনাব তন্ময় দে সানি (টি-৭৩৮) এর বহিঃবাংলাদেশ (ভারত) ভ্রমণের অনুমতিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক কার্যালয়, চট্টগ্রাম (পশ্চিম)।
- আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম (পশ্চিম)।
- জনাব তন্ময় দে সানি (টি-৭৩৮), কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, চৈতন্যেরহাট শাখা, চট্টগ্রাম (পশ্চিম)।
- জনাব শারমিন আক্তার (এস-৫৯২৯), উর্ধ্বতন কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, চৈতন্যেরহাট শাখা, চট্টগ্রাম (পশ্চিম)।
- নথি/মহানথি।

(মুহাম্মদ তারিফ বিন ওয়ালি)

কর্মকর্তা